



বাংলাদেশ দূতাবাস, হ্যানয়, ভিয়েতনাম
Embassy of Bangladesh
Hanoi, Vietnam

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ দূতাবাস, হ্যানয়-এ যথাযোগ্য মর্যাদায় স্বপ্নের পদ্মা সেতুর শুভ উদ্বোধন উদ্যাপন

হ্যানয়, ভিয়েতনাম ২৫ জুন ২০২২

২৫ জুন ২০২২ বাংলাদেশ দূতাবাস হ্যানয়, ভিয়েতনামে যথাযোগ্য মর্যাদায় স্বপ্নের পদ্মা সেতুর শুভ উদ্বোধন উদ্যাপন করা হয়। দিনটি উপলক্ষ্যে মহামান্য বাস্তুপত্তির বাণী, মাননীয় প্রধানমন্ত্রীর বাণী পাঠ করা হয় এবং উদ্বোধন অনুষ্ঠানটি সরাসরি সম্মুচ্চার করা হয়। দিবসটি প্রবাসী বাংলাদেশী ও দূতাবাসের সকল কর্মকর্তা-কর্মচারী এবং তাদের পরিবারবর্গের উপস্থিতিতে দূতাবাসে অবস্থ করা হয়। পরিশেষে এক আলোচনা অনুষ্ঠানের মাধ্যমে উদ্যাপন অনুষ্ঠানটির পরিসমাপ্তি হয়।

দিবসটি উপলক্ষ্যে আলোচনা অনুষ্ঠানের প্রারম্ভে বাস্তুদৃত সামিনা নাজ, শাকাতের অবস্থ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাসানি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে যার নেতৃত্ব ও দিক নির্দেশনায় অর্জিত হয় আমাদের মহান স্বার্থীনতা।

বাস্তুদৃত বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর দূরবদ্ধী ও বলিষ্ঠ পদক্ষেপ এবং যুগোপযোগী সিদ্ধান্ত গ্রহনের ফলে বাংলাদেশ সরকারের নিজর অর্থায়নে পদ্মা সেতু নির্মান সম্ভব হয়েছে। পদ্মা সেতু নির্মানের ফলে রাজধানীর সাথে দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ২১ জেলার নিরবচ্ছিন্ন, সাশ্রয়ী ও দ্রুত যোগাযোগ যেমন প্রতিষ্ঠি হলো অন্যদিকে এই সেতু নির্মানের ফলে সার্বিকভাবে দেশের উৎপাদন ১.২৩ শতাংশ বৃদ্ধি পাবে এবং প্রতি বছর ০.৮৪ শতাংশ হাতে দারিদ্র্য নিরসনের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নে এ সেতু অন্যত্য অবদান রাখবে।

পরিশেষে সকলের সমিলিত প্রচেষ্টায় ক্ষুধা-দারিদ্র্যমুক্ত ও উন্নত-সমৃদ্ধ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রাহমানের আজীবন সালিত স্বপ্নের ‘সোনার বাংলাদেশ’ বিনির্মাণে সকল প্রবাসী বাংলাদেশীদের এগিয়ে আসার উদাত্ত আহবান জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

